

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৫১৭

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفَتَن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - নিকৃষ্ট লোকেদের ওপরেই কিয়ামত সংঘটিত হবে।

الفصل الاول (بَابُ لَا تَقُومُ السَّاعَةُ إِلَّا عَلَى شِرَارِ النَّاس)

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا تَقُومُ السَّاعَةُ إِلَّا عَلَى شِرَارِ الْخَلْق» . رَوَاهُ مُسلم

> رواه مسلم (131 / 2949)، (7402) ـ (صَحِيح)

বাংলা

৫৫১৭-[২] 'আবদুল্লাহ ইবনু মা'উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: নিকৃষ্ট মানুষের ওপরই কিয়ামত সংঘটিত হবে। (মুসলিম)

ফুটনোট

সহীহঃ মুসলিম ১৭৬-(১৯২৪), সিলসিলাতুস সহীহাহ ১১০৮, সহীহ ইবনু হিব্বান ৬৮৩৬, আল মুসতাদরাক লিল হাকিম ৮৪০৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (لَا تَقُومُ السَّاعَةُ إِلَّا عَلَى شَرَارِ الْخَلْقِ) কিয়ামত শুধুমাত্র সৃষ্টির দুষ্ট প্রকৃতির তথা অবাধ্য কাফিরদের ওপর সংঘটিত হবে। অর্থাৎ কিয়ামতের পূর্বে ইয়ামান থেকে এক প্রকার হাওয়া এসে মুমিনদের মৃত্যু হবে। শুধু অবাধ্য পাপী বান্দারা অবশিষ্ট থাকবে। আর তখনই কিয়ামত সংঘটিত হবে।

যদি বলা হয় এই হাদীসটি পূর্বে উল্লেখিত হাদীস, "আমার উম্মতের একটি দল সত্যের উপর প্রতিষ্ঠিত থেকে কিয়ামত পর্যন্ত সংগ্রাম চালিয়ে যাবে" এর সাথে সাংঘর্ষিক। তাহলে এর উত্তরে বলব, উক্ত হাদীসটি ব্যাপক অর্থে



যুগের চাহিদা অনুপাতে প্রযোজ্য। আর এই অধ্যায়ের হাদীসটি বিশেষ করে কিয়ামতের পূর্ব মুহূর্তের জন্য খাস। অতএব কোন বৈপরীত্য নেই। (মিরকাতুল মাফাতীহ; ইবনু মাজাহ্ ৩য় খণ্ড, হা, ৪০৩৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন